গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,ময়মনসিংহ
(রাজস্ব শাখা)
www.mymensingh.gov.bd

নং: ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০.২০- ৮৪৫

তারিখঃ ২১ চৈত্র, ১৪৩০ / ০৪ এপ্রিল ২০২৪

## জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলা প্রশাসনের আওতাধীন (২০.০০ একর উর্ধ্বে, বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার এর গত ২৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪.৩৬১ নং স্মারকে জারীকৃত পত্রের প্রেক্ষিতে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে। নিম্ন বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী ১ম পর্যায়ে ইজারা প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ইজারার জন্য অবশিষ্ট জলমহালের ইজারা প্রক্রিয়া পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ দরপত্রের তারিখ ও সময় প্রয়োজনে সংশোধন, পরিবর্তন, পরিমার্জন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| আবেদন গ্রহণের পর্যায় | আবেদন বিক্রয়ের শেষ তারিখ | আবেদন দাখিলের শেষ তারিখ ও সময় | আবেদন বাক্স খোলার তারিখ ও সময় | আবেদন পত্র প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২২/০৪/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৩-৫০ টা পর্যন্ত | ২৩/০৪/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ২৩/০৪/২০২৪ বিকাল ৩-৫০ টা | জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ (রাজস্ব শাখা) এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়। |
| ২য় পর্যায় | ০৬/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৩-৫০ টা পর্যন্ত | ০৭/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ০৭/০৫/২০২৪ বিকাল ৩-৫০ টা | |
| ৩য় পর্যায় | ২০/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০ টা পর্যন্ত | ২১/০৫/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ২১/০৫/২০২৪ বিকাল ৪-০০ টা | |
| ৪র্থ পর্যায় | ০৩/০৬/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০ টা পর্যন্ত | ০৪/০৬/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ০৪/০৬/২০২৪ বিকাল ৪-০০ টা | |
| ৫ম পর্যায় | ২৬/০৬/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০ টা পর্যন্ত | ২৭/০৬/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ২৭/০৬/২০২৪ বিকাল ৪-০০ টা | |
| ৬ষ্ঠ পর্যায় | ১৫/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে বিকাল ৪-০০ টা পর্যন্ত | ১৬/০৭/২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ১৬/০৭/২০২৪ বিকাল ৪-০০ টা | |

### ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহাল সমূহের তালিকাঃ-

| ক্রমিক নং | উপজেলা | জলমহালের নাম | জলমহালের আয়তন | বার্ষিক সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ফুলপুর | কোকড়াডোবা | ৭৭.০০ একর (কম/বেশী) | ২,৫২,০০০/- |
| ০২ | তারাকান্দা | চিকনী বিল | ৩৫.৯৯ একর (কম/বেশী) | ৪৯,১৭৫/- |
| ০৩ | ঐ | কালিয়ান বিল | ২২.৬০ একর (কম/বেশী) | ৬০,৯০০/- |
| ০৪ | ঐ | হাইলী বিল | ৪৩.৬৪ একর (কম/বেশী) | ১,৯৬৯/- |
| ০৫ | গৌরীপুর | নুন্নীগাং | ২৮.৪৩ একর (কম/বেশী) | ২২,৫৭৫/- |
| ০৬ | ফুলবাড়ীয়া | ভাউয়াল বিল | ৪৮.৩৬ একর (কম/বেশী) | ৪৩,০৫০/- |

CamScanner

নিয়মাবলীঃ

০১। আবেদনকারী যে জলমহালের জন্য আবেদন দাখিল করবেন সে জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০২। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকায় জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।

০৩। জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর ( রাজস্ব শাখা) / সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

০৪। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে জেলা প্রশাসক, ময়মনসিংহ এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৫। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৬। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

০৭। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৮। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

০৯। মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১০। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১১। সমিতির গঠনতন্ত্র এবং সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে

১২। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৩। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৪। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সরক্ষণ করেন।

০৮/০৪/২০২৪

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
জেলা প্রশাসক
ময়মনসিংহ
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ময়মনসিংহ

CS CamScanner

নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০০১.২৪-৮৪৫(৪০)

তারিখঃ ২১ চৈত্র, ১৪৩০ / ০৪ এপ্রিল, ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

**অনুলিপিঃ অবগতি এবং বহুল প্রচারের অনুরোধসহঃ**

৪. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, তারাকান্দা, ফুলপুর, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৬. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
৭. জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
৮. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।
৯. বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বনবিভাগ, ময়মনসিংহ।
১০. জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ।
১১. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ময়মনসিংহ।
১২. জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি মাইকযোগে ব্যাপক প্রচারের অনুরোধসহ।
১৩. সহকারী কমিশনার (ভূমি), গৌরীপুর, তারাকান্দা,ফুলপুর, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো।
১৪. প্রোগামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১৫. সম্পাদক, দৈনিক স্বদেশ সংবাদ। উক্ত বিজ্ঞপ্তিটি ১০"X৪ কলামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী ০৯/০৪/২০২৪ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩(তিন)টি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৬. নোটিশ বোর্ড।

০৪/০৪/২৪

(দিলরুবা ইসলাম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ময়মনসিংহ
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ময়মনসিংহ।

CamScanner